

১৬ ফিল্ড

একশে বইমেলা ১ ফেব্রুয়ারি থেকে  
ব্যস্ত সময় কাটাচ্ছেন  
বাংলা একাডেমী  
কর্তৃপক্ষ ও প্রকাশকরা

॥ মিজানুর রহমান ॥

জাতির মননের প্রতীক মহান ভাষা সৈনিকদের শরণে আয়োজিত ঐতিহ্যবাহী 'অমর একশে বইমেলা' ১ ফেব্রুয়ারি থেকে বাংলা একাডেমী চত্বরে শুরু হচ্ছে। মেলায় আয়োজন সফল করতে ব্যস্ত সময় কাটাচ্ছেন বাংলা একাডেমী কর্তৃপক্ষ এবং প্রকাশকরা। ফেব্রুয়ারীর প্রথম দিনে মেলা শুরুর কথা কর্তৃপক্ষ জানালেও মেলা কে উদ্বোধন করবেন সে ব্যাপারে এখনো (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

ব্যস্ত সময় কাটাচ্ছেন

(প্রথম পৃঃ পর)

নির্দিষ্ট হওয়া যায়নি। তবে প্রকাশকদের অনেকেই বলেছেন, বাংলাদেশের গর্বিত সন্তান নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ড. মোহাম্মদ ইউনুস এবারের মেলা উদ্বোধন করলে এ আয়োজন সমৃদ্ধ হবে।

এবারের মেলায় ৩৫০টি প্রতিষ্ঠানকে ষ্টল বরাদ্দ দেয়া হবে। নীতিমালা অনুযায়ী ৪০০ ইউনিট এ প্রতিষ্ঠানগুলোর মধ্যে বন্টন হবে। ১ ইউনিটের জন্য ৫ হাজার, ২ ইউনিটের জন্য ৯ হাজার এবং ৩ ইউনিটের বরাদ্দের জন্য ২০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। আগামী ২৫ জানুয়ারী লটারির মাধ্যমে ষ্টল বরাদ্দ দেয়া হবে। কর্তৃপক্ষ জানিয়েছে, ৩৫০টি প্রতিষ্ঠানের মধ্যে ৩০০টি প্রকাশনা প্রতিষ্ঠান এবং ৫০টি বিভিন্ন সামাজিক সংগঠন এবারের মেলায় অংশ নিবে। তবে প্রতিবছরই নীতিমালা ভঙ্গ করে ৪০০ ইউনিটের বেশি বরাদ্দ দিয়ে ষ্টল সংখ্যা বাড়ানো হয়। নীতিমালা যাতে মানা হয় এ ব্যাপারে প্রকাশকরা এ বছর আগেভাগেই জোর দাবি জানিয়েছেন। আগামী প্রকাশনার স্বত্বাধিকারী ওসমান গনি বলেন, দেশের রাষ্ট্রনৈতিক অবস্থায় মেলা সঠিক সময়ে শুরু করা সম্ভব হবে কিনা এ নিয়ে সংশয়ে ছিলাম। তবে সব সংশয় এখন কেটে গেছে। তিনি বলেন, নীতিমালা যাতে শক্তভাবে মানা হয় সে ব্যাপারে কর্তৃপক্ষকে সচেতন হতে হবে। যার যার প্রকাশনার বই তাকেই বিক্রি করতে দিতে হবে। নীতিমালা ভঙ্গ করা হলে বইমেলার সার্বিক পরিবেশ বিনষ্ট হয় বলে দাবি করেন তিনি।

কাগজের মূল্য অনেক বৃদ্ধি পাওয়ায় এবারের বইমেলায় বইয়ের দাম কিছুটা বেশি হবে- প্রকাশকরা এ ইঙ্গিত দিয়েছেন। তবে ৩০% কমিশনেই বই বিক্রি হবে। মাসব্যাপী এ বইমেলাকে কেন্দ্র করে শতকরা ৯০ ভাগ বই প্রকাশ হয়ে থাকে। লেখক, প্রকাশক উভয়ই এ মেলাকে কেন্দ্র করে তাদের প্রকাশনা ভাণ্ডার পাঠকের সম্মুখে তুলে ধরেন। সারাবছর যে বই বিক্রি হয় তার অনেকগুণ বেশি বই বিক্রি হয় একশে বইমেলায়।

স্বজনশীল প্রকাশক সমিতি ঢাকার নির্বাহী পরিচালক সাঈদ বারী বলেন, একশে বইমেলার জন্য লেখক, প্রকাশক, পাঠক সবাই অধির অপেক্ষায় থাকি। বইমেলার আয়োজন যাতে সুষ্ঠু-সুন্দর হয় সে চেষ্টাই আমাদের সকলের থাকবে।